

## গাফির (আল মু'মিন) | Ghafir (Al-Mu'min) | غَافِرُ(الْمُؤْمِنِ)

আয়াতঃ ৪০ : ৩২

আরবি মূল আয়াত:

وَيَقُومُ إِنِّي أَخَافُ عَلَيْكُمْ يَوْمَ التَّنَادِ ﴿٣٢﴾

অনুবাদসমূহ:

‘আর হে আমার কওম, আমি তোমাদের জন্য পারস্পরিক ভয়াত আহবান দিনের আশঙ্কা করি’। — আল-বায়ান

হে আমার জাতি! আমি আশঙ্কা করছি তোমাদের আত চিৎকার আর কান্নাকাটি করার একটি দিনের। — তাইসিরুল

হে আমার সম্প্রদায়! আমি তোমাদের জন্য আশংকা করি কিয়ামাত দিবসের - — মুজিবুর রহমান

And O my people, indeed I fear for you the Day of Calling - — Sahih International

৩২. আর হে আমার সম্প্রদায়! আমি তোমাদের জন্য আশংকা করি ভয়াত আহবান দিনের,

-

তাফসীরে জাকারিয়া

(৩২) হে আমার সম্প্রদায়! আমি তোমাদের জন্য ডাকাডাকির দিন (কিয়ামতের) আশংকা করি।[1]

[1] تَنَادَى এর অর্থ, একে অপরকে ডাকা। কিয়ামতকে يَوْمُ التَّنَادِ (ডাকাডাকির দিন) এই জন্য বলা হয়েছে যে, সেদিন একে অপরকে ডাকাডাকি করবে। জান্নাতীরা জাহান্নামীদেরকে এবং জাহান্নামীরা জান্নাতীদেরকে ডাকবে। (সূরা আরাফঃ ৪৮-৪৯) কেউ কেউ বলেছেন, মীযানের পাশে একজন ফিরিশতা থাকবেন। যার নেকীর পাল্লা হাল্কা হয়ে যাবে, এই ফিরিশতা চিৎকার করে তার দুর্ভাগ্যের কথা ঘোষণা করবেন। কেউ কেউ বলেছেন, আমল অনুযায়ী লোকদেরকে ডাকা হবে। যেমন, জান্নাতীদেরকে ‘হে জান্নাতবাসী’ এবং জাহান্নামীদেরকে ‘হে জাহান্নামবাসী’ বলে আহবান করা হবে। ইমাম ইবনে কাসীর বলেন, ইমাম বাগবীর এ উক্তিই অতি সুন্দর যে, উক্ত সকল কারণেই কিয়ামতের নাম (يَوْمُ التَّنَادِ) (ডাকাডাকির দিন) রাখা হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4165>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন